গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
# তাড়ল ইউনিয়ন পরিষদ কার্যালয়
উপজেলা- দিরাই, জেলা-সুনামগঞ্জ
Web: taralup.sunamganj.gov.bd, Email- taralup.sunamganj@gmail.com

স্মারক নং তারিখঃ

বিষয়ঃ এপ্রিল/২০২০ খ্রিঃ মাসের ইউনিয়ন পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

তারিখ ও সময়ঃ ৩০/০৪/২০২০ খ্রিঃ, বেলাঃ ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ তাড়ল ইউনিয়ন পরিষদ সভা কক্ষ ।

সভাপতিঃ আব্দুল কদ্দুছ, চেয়ারম্যান, তাড়ল ইউনিয়ন পরিষদ,দিরাই,সুনামগঞ্জ।

উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” মোতাবেক

আলোচ্যসূচীঃ

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
০২। শিশু খাদ্য তালিকা যাচাইবাছাই ও বিতরণ ।
০৩। জিআর ৪র্থ পর্যায় তালিকা প্রস্তুত ও বিতরণ ।
০৪। বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতার তালিকা প্রণয়ন ।
০৫। বিবিধ ।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। তারপর সভাপতি মহোদয় অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন করার জন্য ইউ/পি সচিব কে অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে ইউ/পি সচিব সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। তারপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয় বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। ইহাতে কোন প্রকার সংযোজন বা বিয়োজন না থাকায় তাহা সর্বসম্মতি ক্রমে দৃঢ়করন হয়।

২। শিশু খাদ্য তালিকা যাচাইবাছাই ও বিতরণঃ ইউপি সচিব সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, উপজেলা পরিষদ (দূর্যোগ ব্যবস্থাপনা শাখা) দিরাই মারফতে শিশু খাদ্য (১ম পর্যায়) কর্মসূচীর ১৯/০৪/২০২০ খ্রিঃ তারিখের পত্র অনুযায়ী ৫৪ প্যাকেট বরাদ্দ পাওয়া গিয়াছে ।

সিদ্ধান্তঃ সভায় আলোচনাক্রমে প্রতি ওয়ার্ডে ৬ টি করে করে বিভাজন করে হত দরিদ্র পরিবারের মধ্যে বিতরণের সর্বস্মমতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। জিআর ৪র্থ পর্যায় তালিকা প্রস্তুত ও বিতরণঃ সভাপতি মহোদয় সভায় জানান যে, ২৫/০৪/২০২০ খ্রিঃ তারিখে হতে উপজেলা পরিষদ ( দূর্যোগ ব্যবস্থাপনা শাখা) মারফতে জিআর (৪য় পর্যায়) কর্মসূচীর আওতায় মোট ৯০০ জন উপকারভোগীর বিপরীতে প্রতিজনে ১০ কেজি চাল ও ০২ কেজি আলু হিসাবে ০৯ মে.টন চাল ও ১৮০০ কেজি আলু পাওয়া গিয়াছে ।

সিদ্ধান্তঃ উক্ত সভায় সভাপতি আব্দুল কদ্দুছ সভায় উপস্থিত সবাইকে অবগত করেন যে, ওয়ার্ডের অসহায় পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন আবশ্যক। এ তালিকায় কৃষি শ্রমিক/ধানকাটা শ্রমিক,মৎসজীবি/দিনমুজুর,প্রতিবন্ধী/বেদে/হিজরা,পরিবহনশ্রমিক,রেস্টুরেন্টশ্রমিক,ফেরিওয়ালা,ভবঘুরে/ভিক্ষুক /ভ্যানচালক, চায়ের দোকানদার ও অন্যান্য পেশার শ্রমিক প্রতি ওয়ার্ডে ১০০ জন করে তালিকা দেওয়ার জন্য সবাই একমত পোষন করেন। সভায় দীর্ঘ সময় এ বিষয়ে আলোচনা পর্যালোচনা শেষে নিম্নরুপ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতার তালিকা প্রণয়নঃ সভায় সভাপতি আব্দুল কদ্দুছ সভায় উপস্থিত সবাইকে অবগত করেন যে, উপজেলা সমাজসেবা অফিস মারফতে বয়স্ক ভাতাভোগী- ৫০ জন, বিধবা ভাতাভোগী-৩০ জন, প্রতিবন্ধী ভাতভোগী-২৫ জনের নতুন তালিকা প্রস্তুত করে প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়।

সিদ্ধান্তঃ সভায় আলোচনাক্রমে প্রতি ওয়ার্ডে ০৯ টি ওয়ার্ডে/ইউপি সদস্যদের মধ্যে যে হারে বন্টন করা হলো এবং সর্বসম্মতিক্রমে যে সিদ্ধান্ত গৃহীত হয় তা নিম্নোক্ত ছক মোতাবেক তুলে ধরা হলো।

‘‘ছক’’

| চেয়ারম্যান/ইউপি সদস্যের নাম | ওয়ার্ড নং | বয়স্ক ভাতা | বিধবা ভাতা | প্রতিবন্ধী ভাতা |
|---|---|---|---|---|
| জনাব আব্দুল কুদ্দুছ | ১-৯ | ০৮ টি | ০২ | ০৪ |
| জনাব মোঃ গোলাম রব্বানী | ০১ | ০৫ | ০৩ | ০১ |
| জনাব মোঃ সফিকুর রহমান চৌধুরী | ০২ | ০২ | ০৪ | ০১ |
| জনাব মোঃ লাল মিয়া | ০৩ | ০৩ | ০২ | ০২ |
| জনাব মোঃ শিমুল মিয়া | ০৪ | ০৩ | ০২ | ০২ |
| জনাব মোঃ মঞ্জুরুল হক | ০৫ | ০৩ | ০৩ | ০১ |
| জনাব মোঃ রাশেদ মিয়া | ০৬ | ০৪ | ০২ | ০২ |
| জনাব মোঃ শেখ ফরিদ | ০৭ | ০৫ | ০২ | ০২ |
| জনাব আজিজুর রহমান | ০৮ | ০৫ | ০২ | ০২ |
| জনাব মোঃ মিলন মিয়া | ০৯ | ০৩ | ০২ | ০২ |
| জনাব জাহানারা বেগম | ১,২ | ০৩ | ০২ | ০২ |
| জনাব মোছাঃ ছালমা বেগম | ৩,৪,৫,৬ | ০৩ | ০২ | ০২ |
| জনাব মোছাঃ হাফছা বেগম | ৭,৮,৯ | ০৩ | ০২ | ০২ |
| | মোট= | ৫০ | ৩০ | ২৫ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় বিকাল ৪.০০ ঘটিকার সময় সভাপতি উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০-০৪-২০২০
(আব্দুল কদ্দুছ)
চেয়ারম্যান
তাড়ল ইউনিয়ন পরিষদ
দিরাই,সুনামগঞ্জ।

স্মারক নং-৪৬.০০.৯০২৯.০৮৫.২২.০০১.২০-১৭ তারিখঃ ১৬/০৬/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কাযার্থেঃ
০১। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, দিরাই,সুনামগঞ্জ ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই,সুনামগঞ্জ ।
০৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই,সুনামগঞ্জ।
০৪। ইউপি সচিব, তাড়ল ইউপি,দিরাই,সুনামগঞ্জ ।
০৫। ইউপি সদস্য ......................................ইউপি সদস্য (সকল)।
০৬। অফিস কপি

১৬-০৬-২০২০
চেয়ারম্যান
তাড়ল ইউনিয়ন পরিষদ
দিরাই,সুনামগঞ্জ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

# তাড়ল ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা- দিরাই, জেলা-সুনামগঞ্জ

Web: taralup.sunamganj.gov.bd, Email- taralup.sunamganj@gmail.com

স্মারক নং তারিখঃ

## উপস্থিত সদস্যবৃন্দের নাম স্বাক্ষরের ক্রমানুসারেঃ (৩০/০৪/২০২০)

| | | | |
|---|---|---|---|
| ০১। | জনাব আব্দুল কুদ্দুছ | চেয়ারম্যান | স্বাক্ষরিত/- |
| ০২। | জনাব মোঃ গোলাম রব্বানী | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৩। | জনাব মোঃ সফিকুর রহমান চৌধুরী | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৪। | জনাব মোঃ লাল মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৫। | জনাব মোঃ শিমুল মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৬। | জনাব মোঃ মঞ্জুরুল হক | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৭। | জনাব মোঃ রাশেদ মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৮। | জনাব মোঃ শেখ ফরিদ | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৯ | জনাব আজিজুর রহমান | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ১০ | জনাব মোঃ মিলন মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত/- |
| ১১ | জনাব মোছাঃ জাহানারা বেগম | ইউপি মহিলা সদস্য | স্বাক্ষরিত/- |
| ১২ | জনাব মোছাঃ ছালমা বেগম | ইউপি মহিলা সদস্য | স্বাক্ষরিত/- |
| ১৩ | জনাব মোছাঃ হাফছা বেগম | ইউপি মহিলা সদস্য | স্বাক্ষরিত/- |

## অনুপস্থিত সদস্যবৃন্দের নাম স্বাক্ষরের ক্রমানুসারেঃ (৩০/০৪/২০২০)

| | | | |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| | | | |
| | | | |
| | | | |

৩০-০৪-২০২০
(আব্দুল কদ্দুছ)
চেয়ারম্যান
তাড়ল ইউনিয়ন পরিষদ
দিরাই,সুনামগঞ্জ ।